

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-২ শাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.৩৮.২১২.১৯(২)- ২৭৮

তারিখ: ২২ মাঘ, ১৪৩০
০৫ ফেব্রুয়ারি, ২০২৪

বিষয়: ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা চলাকালীন মোবাইল ব্যাংকিং এ অস্বাভাবিক লেনদেন পরিবীক্ষণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ বৃহস্পতিবার হতে ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি), দাখিল, এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা সারাদেশে একযোগে শুরু হবে। এ উপলক্ষ্যে গত ২৮ জানুয়ারি, ২০২৪ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় মনিটরিং ও আইনশৃঙ্খলা কমিটি'র সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

“সিদ্ধান্ত-৪.৬: যদি কোন মোবাইল নম্বরে একাধিকবার একই অংকের টাকার সন্দেহজনক লেনদেন হয় তাহলে সংশ্লিষ্ট এজেন্ট ডেভার/নিকটস্থ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করবে। একইসাথে মোবাইল ব্যাংকিং পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহ কেন্দ্রীয়ভাবে সন্দেহজনক লেনদেন নির্ণয় করে নিকটস্থ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে যেন অবহিত করে সে জন্য বাংলাদেশ ব্যাংক থেকে নির্দেশনা জারি করতে হবে।”

০২। বর্ণিতাবস্থায়, সুষ্ঠু ও সুন্দর পরিবেশে এসএসসি/সমমান পরীক্ষা-২০২৪ অনুষ্ঠানের লক্ষ্যে জাতীয় মনিটরিং ও আইনশৃঙ্খলা কমিটি'র সভার উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

১। সভার কার্যবিবরণী।

২। পরীক্ষার রুটিন পৃষ্ঠা।

গভর্নর

বাংলাদেশ ব্যাংক

মতিঝিল, ঢাকা

 ০৫.০২.২৪

সাইয়েদ এ. জেড. মোরশেদ আলী
উপসচিব

ফোন: ০২২২৩৩৫৬৭৮০


ইমেইল: govt.sec2@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.৩৮.২১২.১৯(২)- ২৭৮

তারিখ: ২২ মাঘ, ১৪৩০
০৫ ফেব্রুয়ারি, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
০২. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
০৩. ডিআইজি, (অপারেশনস), পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
০৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
০৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৭. যুগ্মসচিব (মাধ্যমিক-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

 ০৫.০২.২৪

সাইয়েদ এ. জেড. মোরশেদ আলী
উপসচিব